যুগান্তর

JUN. 25 2002

তারিখ ........

পৃষ্ঠা ..৭.. কলাম ..৪..

# ভারতে সফরকারী ঢাবি ছাত্রদের বাস খাদে

## ● নিহত ২ : আহত ২০

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ভারতে শিক্ষা সফর শেষে দেশে ফেরার পথে সড়ক দুর্ঘটনার কবলে পড়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের একটি দল। এতে অভিভাবকসহ দুজন নিহত এবং শিক্ষকসহ ২০ জন

বাস : পৃষ্ঠা : ৭ কলাম : ৪

## বাস :. খাদে

(১ম পৃষ্ঠার পর)

আহত হয়েছেন। আহতদের মধ্যে অধ্যাপক ফয়েজুল হক শাহ ও একেএম আবদুল্লাহসহ সাতজনের অবস্থা গুরুতর। তাদের শিলিগুড়ির প্যারামাউন্ট ক্লিনিকে ভর্তি করা হয়েছে। দুর্ঘটনাস্থলেই একজন অভিভাবক প্রাণ হারান এবং গুরুতর আহত অতিথি সফরসঙ্গীকে ডাক্তাররা ক্লিনিক্যালি মৃত বলে ঘোষণা করেছেন। তবে তাদের পরিচয় জানা যায়নি। ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের ৪২ সদস্যের ওই দলটি দার্জিলিংয়ের উদ্দেশে গত ১৫ জুন ভারতে যায়। রোববার দুটি বাসে করে তারা দেশে ফিরছিলেন। শিলিগুড়ির একটি রাস্তায় ইউ টার্ন নেয়ার সময় পেছনের বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে পাশের খাদে পড়ে যায়। গুরুতর আহতদের সঙ্গে মোট ১২ জন সফরকারী চিকিৎসা ও তত্ত্বাবধানের জন্য আরও কয়েকদিন শিলিগুড়িতে থাকবেন। অন্যরা লাশ নিয়ে আজ দেশে ফিরবেন। সড়ক দুর্ঘটনার বিষয়টি উপাচার্য আনোয়ার উল্লাহ চৌধুরী গতকাল অবহিত হয়েছেন।